

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০৬৫.১২- ৫৬১

তারিখঃ ০৭/০১/২০২১ খ্রি:

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি ভূক্ত পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলায় কর্মরত হিসাব সহকারী জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক আর্থিক লেনদেন পরিচালনার জন্য সদর দপ্তরের নির্দেশনা অমান্য করে ভুল শিরোনামে ০৩টি ব্যাংক হিসাব পরিচালনা করা, রেজিস্ট্রারসমূহ (স্টক রেজিস্ট্রার, সভ্য রেজিস্ট্রার, ঋণ বিতরণী রেজিস্ট্রার, এফডিআর রেজিস্ট্রার) হালনাগাদ না করা, বেতনভাতার হিসাব সংরক্ষণ রেজিস্ট্রার ব্যবহার না করা, তার দায়িত্বপ্রাপ্ত সমিতিসমূহে পরিদর্শন না করা, ইচ্ছেমত অফিসে আসা-ছুটিতে গমন করা ইত্যাদি অভিযোগ রয়েছে, যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। এছাড়া তিনি পূর্ব নির্ধারিত কর্মসূচি পরিচালক এর সভাপতিত্বে বিগত ২৯/১২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জুম মিটিং চলাকালীন সকাল ১১:৩০ ঘটিকা পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতসহ জুম মিটিং এ অনুপস্থিত ছিলেন; যা কর্তৃপক্ষকে অবমাননার শামিল।

২। এমতাবস্থায়, বর্ণিত অভিযোগসমূহের কারণে কেন জনাব মোঃ কামাল হোসেন, হিসাব সহকারী, মির্জাগঞ্জ, পটুয়াখালী-কে কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

  
মোহাম্মদ শামসুল আলম  
কর্মসূচি পরিচালক  
ইরেসপো, বিআরডিবি

জনাব মোঃ কামাল হোসেন  
হিসাব সহকারী  
মির্জাগঞ্জ, পটুয়াখালী  
(সাময়িক বরখাস্তের আদেশপ্রাপ্ত)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০৬৫.১২- ৫৬১


তারিখঃ ০৭/০১/২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মির্জাগঞ্জ জেলাঃ পটুয়াখালী।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মির্জাগঞ্জ জেলাঃ পটুয়াখালী।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পটুয়াখালী।
৫. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

  
মোহাম্মদ শামসুল আলম  
কর্মসূচি পরিচালক  
ইরেসপো, বিআরডিবি